

WE ARE YOUR DOL



Department
of Labor

A proud partner of the American Job Center network

NYS DOL ভার্চুয়াল ক্যারিয়ার মেলা

চাকরি প্রার্থীদের জন্য সংস্থান

ভার্চুয়াল ক্যারিয়ার মেলা কাকে বলে?

একটি ভার্চুয়াল ক্যারিয়ার মেলা হল এক যুগোপযোগী সমাধান যা চাকরিপ্রার্থীদেরকে চিরাচরিত নিয়োগ প্রক্রিয়ার সীমাবদ্ধতা থেকে মুক্তি দিতে সাহায্য করে। অনলাইন প্ল্যাটফর্ম প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ) সশরীরে উপস্থিতির পরিচিত অনুভূতি এবং সুফল বজায় রেখেই, চাকরিপ্রার্থীদের জন্য বাস্তব সময়ে ভার্চুয়াল সেটিং দ্বারা ব্যবসার সাথে সংযোগ স্থাপন সম্ভব করেছে।

অনলাইন প্ল্যাটফর্ম

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ) এই ব্র্যান্ডেড ডিজিটাল পরিবেশের সূচনা করতে পেরে খুবই উচ্ছ্বসিত, যা আপনাকে একই সাথে ব্যবসা এবং কর্মখালির অনুসন্ধান, চাকরির আবেদন এবং সম্ভাব্য নিয়োগকর্তাদের সাথে যোগাযোগের সুযোগ করে দেয়।

যে বৈশিষ্ট্যগুলি অন্তর্ভুক্ত রয়েছে:

- অপরিমিত ব্যবহারকারীর ক্ষমতা সম্পন্ন মোবাইল বান্ধব ডিজাইন
- উপযোগী ভিডিও দেখার সাথে সাথে ওয়ার্কশপে অংশগ্রহণের সুবিধা
- নিয়োগকর্তাদের সাথে রিজিউমে শেয়ার করার সুবিধা

এটা কীভাবে কাজ করে:

প্রস্তুত হয়ে নিন! আপনার রিজিউমে আপডেট করুন

সাইন আপ করুন! আপনার রিজিউমে প্রাক-নিবন্ধন করুন

অংশগ্রহণ করুন! প্রিভিউ ডে এবং লাইভ ডে-তে অংশ নিন

- NYS DOL ভিডিও দেখুন- "ভার্চুয়াল চাকরির মেলা" এবং "ভার্চুয়াল চাকরির মেলা-তে কীভাবে নিজেকে অনন্য করে তুলবেন"
- কর্মখালির বিস্তারিত দেখুন এবং ব্লু ভিজিট করুন
- লাইভ ডে তে নিয়োগকর্তাদের সাথে যুক্ত হোন
- পরের দিন সকাল হওয়া পর্যন্ত ব্লু ব্রাউজ করতে থাকুন এবং চাকরির সুযোগ দেখতে থাকুন

ফলো আপ করুন! ব্যবসা ক্ষেত্রে ধন্যবাদ জানান এবং পরবর্তী ধাপ সম্পর্কে জিজ্ঞাসা করুন

প্রিভিউ-ডে

প্রিভিউ-ডে আসল দিনের আগের দিনে চালু হয় এবং লাইভ ইভেন্ট শুরু হওয়ার আগে পর্যন্ত চালু থাকে। প্রিভিউ-ডে তে, আপনি লাইভ ইভেন্ট শুরু হওয়ার আগে পর্যন্ত ব্লু ব্রাউজ করতে পারেন এবং চাকরির অনুসন্ধান করতে পারেন যাতে লাইভ সাইটের বিষয়ে আগে থেকে পরিচিত হওয়া যায়।

লাইভ ডে

লাইভ ইভেন্টে আপনি প্রদর্শনকারী ব্লু এবং বিভিন্ন চাকরির সুযোগ ব্রাউজ করতে পারেন এবং পাশাপাশি বিভিন্ন নিয়োগকর্তা/ব্যবসাস্থানের সাথে কথাবার্তা বলতে পারেন।

সুবিধা

- লাইভ ডে-তে ব্যবসা এবং চাকরির সুযোগের পর্যালোচনা করুন
- শিল্পক্ষেত্র বা অবস্থানের ভিত্তিতে ব্যবসা এবং সুযোগ সন্ধান করুন
- ব্যবসা ক্ষেত্রে নিজেকে পরিচিত করার জন্য এবং চাকরির সুযোগ আলোচনা করার জন্য এক-এক মুখী কথাবার্তা বলুন
- আপনার বাড়ির আরাম ত্যাগ না করেই যোগদান, সংযোগ এবং রিজিউমে শেয়ার করে অর্থ এবং মূল্যবান সময় দুইই বাঁচান

প্রযুক্তিগত সহায়তা

NYS DOL কর্মীরা পুরো প্রক্রিয়া জুড়ে তদারকি করবেন এবং লাইভ সাইটে ন্যাভিগেট করার জন্য প্রযুক্তিগত সহায়তা প্রদান করবেন।

একটি ভার্চুয়াল ওয়ার্কশপে যোগ দিন, লাইভ প্রদর্শনের জন্য এবং সাইটের ওয়াকথ্রু-এর জন্য এটি প্রতি সোমবার হোস্ট করা হয়!

GOOGLE CHROME ওয়েব ব্রাউজার

Google Chrome হল নিবন্ধন এবং লাইভ ইভেন্টে যোগদান করার সুপারিশকৃত ওয়েব ব্রাউজার। অন্যান্য ওয়েব ব্রাউজারগুলিতে সাইটে সংযোগ করতে অসুবিধা হতে পারে।

যোগাযোগ

আরও তথ্যের জন্য বা আসন্ন ভার্চুয়াল ক্যারিয়ার মেলার জন্য নিবন্ধন করতে, আমাদের ভার্চুয়াল ইভেন্ট টিমের সাথে যোগাযোগ করুন এখানে VirtualJobFairs@labor.ny.gov